

# কুবিতে র্যাগিং বন্ধে শিক্ষার্থীদের ৫ দফা দাবি

মোহাম্মদ জোবাইর হোসাইন, কুমিল্লা  
বিশ্ববিদ্যালয়

প্রকাশিত: ২১:৪১, ৭ জুলাই ২০২৫



ছবি: জনকগঠ

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) নবীন শিক্ষার্থীদের ওপর র্যাগিং, অপমানজনক ভাষা ব্যবহার ও মানসিক নিপীড়নের ঘটনার প্রতিবাদে প্রশাসনের কাছে স্মারকলিপি দিয়েছে ‘সোচ্চার স্টুডেন্টস নেটওয়ার্ক, কুমিল্লা ইউনিভার্সিটি চ্যাপ্টার’।

সোমবার (৭ জুলাই) দুপুর ১২টায় বিশ্ববিদ্যালয়ের প্রক্টর বরাবর  
সংগঠনের সভাপতি মো. নাইমুর রহমান ভুঁইয়া ও সাধারণ  
সম্পাদক মো. সোহানুল ইসলাম শাওন স্বাক্ষরিত এই স্মারকলিপি  
জমা দেওয়া হয়।

স্মারকলিপিতে বলা হয়, ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ভর্তি হওয়া শিক্ষার্থীদের একটি  
অংশ বিভিন্ন বিভাগে র্যাগিং, শারীরিক ও মানসিক নিপীড়নের শিকার হচ্ছেন। এ  
কারণে কয়েকজন শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়েছেন এবং কেউ কেউ ক্যাম্পাস

ছাড়ার আশঙ্কা করেছেন। বিষয়টি উদ্বেগজনক ও দুঃখজনক বলে উল্লেখ করা হয়।

## এছাড়াও স্মারকলিপিতে উল্লেখযোগ্য দাবি সমূহ:

- অভিযুক্তদের বিরুদ্ধে নিরপেক্ষ তদন্ত ও শাস্তির ব্যবস্থা
- বিভাগ ও হলভিটিক অ্যান্ট-র্যাগিং মনিটরিং কমিটি গঠন
- মানসিক সহায়তা প্রদানে 'মেন্টাল হেলথ সাপোর্ট সেল' গঠন
- অভিযুক্তদের ক্ষেত্রে পক্ষপাতহীন ও মানবিক আচরণ
- হল ও ক্যাম্পাসে নিরাপত্তা নিশ্চিত করা

স্মারকলিপিতে আরও বলা হয়, শিক্ষার্থীদের জন্য নিরাপদ ও সহানুভূতিশীল পরিবেশ নিশ্চিত করা বিশ্ববিদ্যালয় প্রশাসনের দায়িত্ব। দ্রুত কার্যকর পদক্ষেপ না নিলে নবীন শিক্ষার্থীদের মানসিক সুস্থিতা ও নিরাপত্তা হুমকির মুখে পড়তে পারে।

সংগঠনটি আশা প্রকাশ করে, প্রশাসন বিষয়টি মানবিকভাবে  
বিবেচনা করে একটি র্যাগমুক্ত ও শিক্ষাবান্ধব পরিবেশ গড়ে  
তুলবে।

---